



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

[www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd)

স্মারকনং সিশিবো/পনি/উমা/২০১৯/৫৪

তারিখ : ২৩/০২/২০১৯ খ্রি:

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেটের আওতাধীন উচ্চমাধ্যমিক শ্রেণীযুক্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কিন্তু যথাসময়ে ফরম পূরণ করতে পারেনি এমন বেশ কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী নিম্নস্বাক্ষরকারীর দণ্ডে আবেদন করেছে। ইতোমধ্যে সকল বিষয়ে পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফলাফল বিবরণী নিম্নস্বাক্ষরকারীর দণ্ডে জমাদানের কথা বলা হলেও এখনও অনেক ছাত্র-ছাত্রীর নির্বাচনী পরীক্ষার ফলাফল বিবরণী জমা দেয়া হয়নি। এমতাবস্থায় আংশিক বিষয়ের পরীক্ষার্থীসহ সকল বিষয়ের পরীক্ষার্থীদের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রীর নির্বাচনী পরীক্ষার ফলাফল বিবরণী বোর্ডে জমা দেয়া হয়েছে সম্পূর্ণ মানবিক কারণে বোর্ড কর্তৃপক্ষ তাদের ফরম পূরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এক্ষেত্রে পূর্বের ধার্যকৃত সকল প্রকার ফি ও বিলম্ব ফি এর সাথে অতিরিক্ত ৫০০/=(পাঁচশত) টাকাসহ যাবতীয় ফি সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে আগামী ২৭/০২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে পরীক্ষা শাখার মাধ্যমে যাচাইপূর্বক জমাদানের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

-  
২০০২/২০১  
(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড। (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা গেল)
- ৩। হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৫। সেক্রেটারি অফিসার, ওয়ান স্টপ, অত্র শিক্ষা বোর্ড।
- ৬। সংরক্ষণ নথি।